একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বদরগঞ্জ, রংপুর।
acl.badargonj.rangpur.gov.bd

স্মারক নং- ৩১.০২.৮৫০৩.০০০.১২.০১৮.২৪-১৪

তারিখঃ ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রি.

## "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্দারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বদরগঞ্জ উপজেলাধীন ২০(কুড়ি) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট বদ্ধ শ্রেণির জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে আগামী ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত শুধু সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে land.gov.bd অথবা http://jm.lams.gov.bd/ ওয়েবসাইটে ২৮ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ (১৪ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ) এর মধ্যে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে আবেদনপত্র দাখিল করার আহবান করা হচ্ছে।

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | আয়তন( একর) | ইজারার মেয়াদ (বঙ্গাব্দ) | সরকারি ইজারামূল্য | অনলাইনে দরপত্র দাখিলের তারিখ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রিন্ট কপি দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | দাড়িয়ার বিল | লোহানীপাড়া | কাঁচাবাড়ি | ২.৮১ | ১৪৩২-১৪৩৪ | ৩৮৫৩২৪/- | বাংলা<br>১৪ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত।<br>খ্রিস্টাব্দ<br>২৮ জানুয়ারি, ২০২৫ খ্রি. পর্যন্ত। | বাংলা<br>১৯মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত।<br>খ্রিস্টাব্দ<br>০২ ফেব্রয়ারি, ২০২৫ খ্রি. পর্যন্ত। |
| ০২ | কুড়াইল পুকুর | গোপীনাথপুর | গোপীনাথপুর | ৫.২৭ | ১৪৩২-১৪৩৪ | ৯৪৩৭৪০/- | | |
| ০৩ | হাড়িভাঙ্গা বিল | কালুপাড়া | কালুপাড়া | ৯.৯৭ | ১৪৩২-১৪৩৪ | ৮২৬৮৭৬/- | | |
| ০৪ | ভেরভেরী বিল | লোহানীপাড়া | লোহানীপাড়া | ৫.৪৪ | ১৪৩২-১৪৩৪ | ৫৫৪৫৫৬/- | | |
| ০৫ | সুবডুব বিল | মধুপুর | উত্তর বাওচন্ডি | ১২.৫৩ | ১৪৩২-১৪৩৪ | ৭৭১৭৫০/- | | |
| ০৬ | সরাইল পুকুর | গোপীনাথপুর | গোপীনাথপুর | ৩.৪৪ | ১৪৩২-১৪৩৪ | ১৯৯০০১/- | | |
| ০৭ | দামুয়ার পুকুর | গোপীনাথপুর | গোপীনাথপুর | ৩.৪২ | ১৪৩২-১৪৩৪ | ৩০৮৭০০/- | | |
| ০৮ | শুকলা পুকুর | রামনাথপুর | উত্তর রামনাথপুর | ০.৫০ | ১৪৩২-১৪৩৪ | ৬৩৯৫/- | | |
| ০৯ | ছৈলফেলা পুকুর | রামনাথপুর | উত্তর রামনাথপুর | ০.৮১ | ১৪৩২-১৪৩৪ | ১৬৫৩৮/- | | |
| ১০ | হাগুড়ী পুকুর | রামনাথপুর | উত্তর রামনাথপুর | ০.৭৮ | ১৪৩২-১৪৩৪ | ৫২৯২০/- | | |
| ১১ | দিয়ারী পুকুর | রামনাথপুর | উত্তর রামনাথপুর | ১.৫৪ | ১৪৩২-১৪৩৪ | ১৬২০৭/- | | |

**ইজারার শর্তসমূহঃ**

১) জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায় অধিদপ্তর ও সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সে সমিতি সমূহ নির্দিষ্ট তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি সংগঠন আবেদন করতে পারবেন না। মৎস্যজীবী সমবায় সমিতিতে যদি এমন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তা হলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। তবে শর্ত থাকে যে, আবেদনকারীর সমবায় সমিতি বর্তমানে কার্যকর তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় বা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে। সভাপতি/ সম্পাদক পরিচয়পত্রসহ সমিতির অনুকূলে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তা/ উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

২) অনলাইনে আবেদন দাখিল করার পর আবেদনের হার্ড কপি ও উদ্ধৃত/দাখিলকৃত মূল্যের ২০% অর্থ জামানতের মূল কপি(ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার) সীলগালা মুখ বন্ধ খামে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বদরগঞ্জ, রংপুর অথবা উপজেলা ভূমি অফিস, বদরগঞ্জ, রংপুর অফিস চলাকালীন জমা প্রদান করতে হবে। অনলাইনে প্রাপ্ত আবেদন ও দাখিলকৃত প্রিন্ট কপি যাচাই-বাছাই করে যোগ্য সমিতিকে চূড়ান্ত করে অবহিত করা হবে।

৩) স্থানীয় প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবি সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী /তীরবর্তী, সে সকল প্রকৃত মৎস্যজীবি সংগঠন সংশ্লিষ্ট জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী মৎস্যজীবি সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ইজারা প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

৪) মৎস্যজীবি সংগঠন/সমিতিকে যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মুল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল ইজারা প্রদান করা হবে না।

৫) অনলাইনে নির্দিষ্ট সাইটে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন তাদের সদস্যের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বদরগঞ্জ, রংপুর এর নিকট দাখিল করতে হবে।

৬) ৩ বছর মেয়াদি লিজ পাওয়ার ক্ষেত্রে আবেদনকৃত জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭) আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সংগঠন বা সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

৮) উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর বরাবর বিজ্ঞপ্তিতে অর্ন্তভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসেবে আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

৯) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ইজারাপ্রাপ্ত মৎস্যজীবি সংগঠন ১ম বছরের সাকুল্যে ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে জলমহাল ও পুকুর ইজারা নতুন ১৪১৫২০২ নং কোডে জমা প্রদান করতে হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মুল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরসমূহের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তি সংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১০) জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে যদি খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে। ইজারাপ্রাপ্ত সংগঠন/সমিতি পাবেনা।

১১) সময়মতো লিজমানি পরিশোধ না করলে, তথ্য গোপন করলে কিংবা অন্য কোন অনিয়মের কারণে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি লিজ বাতিল করে পুনরায় লিজ প্রদানের কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

১২) লিজ গৃহীত কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি ২টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত নিতে পারবে না এবং অন্য কোন উপায়ে ব্যবহার করতে পারবেনা। যদি তা করে থাকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত লিজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লিজ গৃহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছরের জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেনা।

১৩) জলমহালটি ইজারা চুক্তি সম্পাদনের পর চলতি বাংলা সনের বৈশাখ ১৪৩২ সন হতে ৩০ চৈত্র ১৪৩৪ বঙ্গাব্দ সন পর্যন্ত ইজারার মেয়াদ থাকবে।

১৪) ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ১৫% হারে ভ্যাট ও ১০% হারে আয়কর ১ম বছরেই ইজারামূল্যের সাথে একত্রে প্রদান করতে হবে।

১৫) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৬) আবেদনকারী সমিতি আবেদন বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) চালানের মাধ্যমে জলমহাল ও পুকুর ইজারা নতুন কোড ১৪১৫২০২ এ জমা প্রদান করা মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

১৭) ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

২৩/২/২৫

(মোঃ মিজানুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বদরগঞ্জ, রংপুর।
acl.badargonj.rangpur.gov.bd

স্মারক নং- ৩১.০২.৮৫০৩.০০০.১২.০১৮.২৪-১৪

তারিখঃ ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ০১ জানুয়ারি ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ২০, রংপুর-২।
২. জেলা প্রশাসক, রংপুর।
৩. পুলিশ সুপার, রংপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর।
৬. উপজেলা নির্বাহী অফিসার --------------------------রংপুর।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৮.মেয়র, বদরগঞ্জ পৌরসভা, রংপুর।
৯. সহকারী কমিশনার (ভূমি), বদরগঞ্জ, রংপুর।
১০. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা সমবায় কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
১১. ম্যানেজার, ........................ ব্যাংক লিঃ, বদরগঞ্জ শাখা, রংপুর।
১২ .অফিসার ইন চার্জ, বদরগঞ্জ থানা, রংপুর।
১৩. চেয়ারম্যান ------------------(সকল) ইউ,পি, বদরগঞ্জ, রংপুর। উল্লেখ্য, বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা-------------------ইউনিয়ন ভূমি অফিস, বদরগঞ্জ, রংপুর। তাকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি স্থানীয় সকল হাট- বাজারে ঢোল/সহরত/মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫. জনাব----------------------------------------------সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বদরগঞ্জ, রংপুর।
১৬. সম্পাদক, দৈনিক-----------------------------রংপুর। তাকে তার পত্রিকায় বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে (ছোট আকারে) ০১ (এক) দিনের সংখ্যায় প্রকাশ ও প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭. অফিস নথি।

২৬/০২/২০২৫

(মোছাঃ মলিহা খানম)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বদরগঞ্জ, রংপুর।
ফোন নং-০৫২২২-৫৬২৭৩